যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১০ কলাম ... ৫ ...

MAR. 06 2002

# দেবিদ্বারে শ্লীলতাহানির অভিযোগে মাদ্রাসা শিক্ষক সাসপেন্ড

দেবিদ্বার প্রতিনিধি

দেবিদ্বারে মাদ্রাসার ক্বারি শিক্ষক শ্লীলতাহানি করেছেন জনৈক মহিলার (৩২)। জনতার বেদম মারধরের শিকার হয়ে ওই শিক্ষক ঘটনা ধামাচাপা দেয়ার চেষ্টা করলেও প্রশাসনের উদ্যোগে গঠিত তিন সদস্যের তদন্ত কমিটি গত রোববার শ্লীলতাহানির অভিযোগ 'সত্য' দাবি করে ইউএনও'র কাছে রিপোর্ট দাখিল করেছে।

মাদ্রাসা সূত্র এবং স্থানীয়রা জানান, সম্প্রতি উপজেলার রাঙ্গুরী ইসলামিয়া দাখিল মাদ্রাসার ক্বারি শিক্ষক আবুল হোসেন গুনাইঘর গ্রামের লাউয়াভুগী পাড়ার জনৈক মহিলার ঘরে প্রবেশ করে জোরপূর্বক তাকে শ্লীলতাহানি করে। এ সময় মহিলার চিৎকারে পার্শ্ববর্তী লোকজন অভিযুক্ত ওই শিক্ষককে আটক করে বেদম মারধর করে। পরে ম্যানেজিং কমিটির জরুরি সভায় ওই শিক্ষক তার কৃতকর্মের কথা স্বীকার করলেও তাকে মাদ্রাসা থেকে সাসপেন্ড দাবি করে শিক্ষার্থীরা বিক্ষোভ এবং ক্লাস বর্জন করে। এ দিকে উপজেলা প্রশাসন এহেন ঘটনা সংক্রান্ত যে তদন্ত কমিটি গঠন করে তাতেও ঘটনা প্রমাণিত হওয়ায় তাকে সাসপেন্ড করা হয়েছে।